গাংনীতে পেঁয়াজ চাষিদের

বিনামুল্যে পেঁয়াজ বীজ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার আগ্রহী গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষিদের
মাঝে বিনামুল্যে পেঁয়াজ বীজ,সার ও পলিথিন বিতরন করা হয়েছে।

২০২৫- ২৬ অর্থ বছরের খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় উপজেলার ৮ হাজার কৃষকদে পেঁয়াজ বীজ, রাসায়নিক সার, পলিথিনসহ বিভিন্ন উপকরণ বিতরন কাজের উদ্বোধন করা হয়।

আজ সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা কৃষি অফিস চত্বরে প্রণোদনা বিতরনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ পরিচালক শায়খুল ইসলাম, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা মতিয়র রহমান. উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা আরাফাত মিয়াসহ উপসহকারি কৃষি কর্মকর্তাগণ।

প্রণোদনায় প্রতিজন কৃষক পেয়েছেন এক কেজি পেয়াঁজ বীজ, এক কেজি কীটনাশক, দুই কেজি পলিথিন দশ কেজি ডিওপি ও দশ কেজি এমওপি সার।

মহেশপুরে প্রকল্প

উপকারভোগীদের প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ

ঝিনাইদহের মহেশপুরে প্রকল্প এর উপকারভোগীদের প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সংস্থার মহেশপুর প্রকল্প কার্যালয়ে “সাসটেইনেবল প্রিভেনশন অফ আর্সেনিক পয়জনিং ইন মহেশপুর সাব ডিসট্রিক্ট, ঝিনাইদহ ডিসট্রিক্ট”প্রকল্পের সনোফিল্টার

ম্যাকানিক্স বৃন্দের সনোফিলটার ইনসটলেশন, অপারেশন ও মেইনটেন্যান্স প্রশিক্ষণ সমাপনি দিবসে এ উপকরণ বিতরণ করা হয়।

প্রধান অতিথি হিসেবে সমাপনী অনুষ্ঠানে উপকরণ বিতরণ করেন মহেশপুর উপজেলা নির্বাহী অফিসার ইয়াসমিন মনিরা।

এসময় উপস্থিত ছিলেন, বিআরটিএ, ঝিনাইদহ মোটরযান পরিদর্শক মো তারিক হোসেন, মাশউক সংস্থা থেকে প্রোগ্রাম কো-অর্ডিনেটর (পিসি) শাহ্ আবুল আওয়াল এবং তৌহিদুল করিম, পিএম, আবুল হাসনাত, এসএফটি মাশউক প্রকল্প অফিস মহেশপুর প্রমূখ।

এসময় প্রকল্প এলাকার উপকারভোগী ও কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে পাঙ্গাস মাছ চাষ প্রদর্শনীর উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় উত্তম ব্যবস্থাপনায় অফ-ফ্লেভার মুক্ত পাঙ্গাস মাছ চাষ প্রদর্শনীর উপকরণ বিতরণ করেছে সংস্থাটি।

২০২৪-২৫ অর্থবছরের উপকরণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, পিএসকেএসের উপ-পরিচালক মোঃ কামরুল আলম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠান হতে মৎস্য চাষীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়।

গাংনীতে উচ্চ ফলনশীল ধান বীজ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট কৃষি খাতের আওতায় উচ্চ ফলনশীল নতুন জাতের ধান বীজ বিতরণ করা হয়েছে।

উচ্চ ফলনশীল ধান ১০২ও ১০৮ এর বীজ ও উপকরণ ৮জন সদস্যের মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে। উপকরণের মধ্যে ছিল বীজ, জৈব ও রাসায়নিক সার, ফেরমন লিওর ইত্যাদি।

এ সময় উপস্থিত ছিলেন উপ-পরিচালক মোহা: কামরুল আলম পিএসকেএসের সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ সকল কর্মকর্তা বৃন্দ।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে বিনামূল্যে মৎস্য উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সদস্যেদের মাঝে অফ ফ্লেভার মুক্ত পাঙ্গাস মাছের পোনাসহ চাষের উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকালে সংগঠিত সমিতির ২৫ জন সদস্যের মাঝে সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের উত্তম ব্যবস্থাপনায় অফ- ফ্লেভার মুক্ত পাঙ্গাস মাছ চাষ প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়।

উক্ত উপকরণ বিতরণে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহকারি পরিচালক ( প্রশিক্ষণ) মোহাঃ সাইফুল ইসলাম, বামুন্দি শাখা ব্যবস্থাপক মোহাঃ মনিরুল ইসলাম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা

মোহাঃ ইকরামুল হাসান ও সহকারি মৎস্য কর্মকর্তা মো: খালেদ কবির।

ঝিনাইদহে ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন উপকরণ বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার ১২ নং দোগাছি ইউনিয়নের ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল (বিবিজি)’র ১ম কিস্তির উপকরণ বিতরণ করা হয়েছে।

উপকরণের অংশ হিসাবে প্রত্যেক প্রতিষ্ঠানে একটি করে কম্পিউটার প্রিন্টার, একটি স্টিলের আলমারি ও দুটি করে সিলিং ফ্যান বিতরণ করা হয়। আজ রোববার দুপুরে এ উপলক্ষে ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম কিবরিয়া কাজলের সভাপতিত্বে অনুষ্ঠানে সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার প্রবীর কানজিলাল, সাবেক ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম লাটুসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও পরিচালনা পরিষদের সভাপতিসহ ইউনিয়নের গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে উপকারভোগীদের মাঝে উপকরণ

বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় পারিবারিক পুষ্টি নিরাপওায় বহুস্তরে সবজি ও ফলমূল উৎপাদনের লক্ষ্যে গাংনী ও বামুন্দী শাখার তেরাইল সাহারবাটি গ্রামের ৫০ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল-লালশাক, পুই শাক, কলমিশাক ও লাউ ইত্যাদি।

পাশাপাশি উপকারভোগীদেরকে উক্ত উপকরণ প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ ।

গাংনীতে নতুন জাতের ধান চাষের উপকরণ বিতরণ

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর গাংনী শাখাতে সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায়, উচ্চ ফলনশীল নতুন জাতের ধান চাষ প্রদর্শনীর আওতায় ১০ জন ও ক্রপিং প্যাটার্ণ প্রদর্শনীর আওতায় ৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে । আজ সোমবার সকালে এসকল উপকরণ বিতরন করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল ব্রী-ধান -১০০, ১০০ কেজি, ব্রী- ধান- ৮৯, ১০০ কেজি, ব্রী-ধান-৭৪, ৪০ কেজি, ইউরিয়া সার ৩০০ কেজি, টিএসপি সার ৩০০ কেজি, এমওপি সার ১৫০,কেজি, ডিএপি সার ১০০ কেজি, দস্তা সার ১০ কেজি ও প্রয়োজনীয় বালাইনাশকসহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয় । উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।

# [redacted]

[redacted]

মুজিবনগরে পেঁয়াজের বীজ উৎপাদনের লক্ষ্যে উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পিএসকেএসের উদ্দ্যোগে মুজিবনগরে পেঁয়াজের বীজ উৎপাদনের লক্ষ্যে উপকরণ বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আাজ সোমবার (২৭ নভেম্বর) পিএসকেএসের মুজিবনগর শাখা সংস্থার সমন্বিত কৃষি ইউনিট ও কৃষি খাতের আওতায়, পেঁয়াজ বীজ উৎপাদন ও পেঁয়াজ চাষ সম্প্রসারণ প্রদর্শনীর আওতায় ১০ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

এ সময় পেঁয়াজ বাল্ব ৫০০ কেজি, ইউরিয়া সার ৫০০ কেজি, ডিএপি সার ৫০০ কেজি, এমওপি সার ৫০০ কেজি, ও প্রয়োজনীয় বালাইনাশকসহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর শাখার শাখা ব্যবস্থাপক এবং শাখার কর্মকর্তা ও কর্মচারীসহ সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।